



বাংলাদেশ দূতাবাস
বৈরুত, লেবানন
Embassy of Bangladesh
Beirut, Lebanon

সংবাদ বিজ্ঞপ্তি

বৈরুত, ১৮ অক্টোবর ২০২৩: যথাযথ মর্যাদার মধ্য দিয়ে বৈরুতস্থ বাংলাদেশ দূতাবাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলের ৬০তম জন্মদিন ও 'শেখ রাসেল দিবস' উদযাপিত হয়েছে। লেবাননে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এয়ার ভাইস মার্শাল জাভেদ তানভীর খান শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পণ করে ও কেক কেটে কর্মসূচির উদ্বোধন করেন।

সন্ধ্যায় দূতাবাস প্রাঙ্গণে দিবসটি উপলক্ষে আলোচনা সভা ও অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। লেবানন প্রবাসী বাংলাদেশিরা ও দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা স্বতঃস্ফূর্তভাবে এ আলোচনায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়। এসময় শেখ রাসেলের জীবনের উল্লেখযোগ্য ঘটনা প্রবাহ নিয়ে একটি তথ্যচিত্রও প্রদর্শন করা হয়।

রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে শেখ রাসেলের জীবনের উপর আলোকপাত করে বলেন, "শেখ রাসেল যদি বেচে থাকতেন তাহলে বঙ্গবন্ধুর আদর্শের প্রতিভূ হয়ে তাঁর সোনার বাংলার অসমাপ্ত কর্ম সম্পাদনে অমিত সাহস আর বিশ্বাসে মাননীয় প্রধানমন্ত্রীর পাশে দাঁড়াতেন"। এসময় তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৯৭৫ সালের ১৫ই আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।